

# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৫১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৩৬]

৩। হায়য ঋতুস্রাব (کتاب الحیض)

পরিচ্ছেদঃ ১৪. ইসতিহাযাহ\* বা রক্তপ্রদর রোগগ্রস্ত মহিলার গোসল ও তার সালাত প্রসঙ্গ।

باب الْمُسْتَحَاضَةِ وَغُسْلِهَا وَصَلاَتِهَا

#### আরবী

وَحَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، قَالَ قَرَأْتُ عَلَى مَالِكٍ عَنْ أَبِي النَّضْرِ، أَنَّ أَبَا مُرَّةَ، مَوْلَى أُمِّ هَانِئٍ بِنْتَ أَبِي طَالِبٍ، تَقُولُ ذَهَبْتُ إِلَى رَسُولِ هَانِئٍ بِنْتَ أَبِي طَالِبٍ، تَقُولُ ذَهَبْتُ إِلَى رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم عَامَ الْفَتْحِ فَوَجَدْتُهُ يَغْتَسِلُ. وَفَاطِمَةُ ابْنَتُهُ تَسْتُرُهُ بِثَوْبٍ.

#### বাংলা

৬৫১-(৭০/৩৩৬) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) ..... উম্মু হানী (রাযিঃ) বিনতু আবূ তালিব (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মক্কা বিজয়ের বছর আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে গেলাম। তখন আমি তাকে এ অবস্থায় পেলাম যে, তিনি গোসল করছিলেন, আর তার কন্যা ফাতিমা একটি কাপড় দিয়ে তাকে আড়াল করে রেখেছিল\*। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৬৫৫. ইসলামিক সেন্টারঃ ৬৭০)

## **English**

Chapter: The ghusl and the prayer of a woman who is suffering prolonged vaginal bleeding (istihadah)

Umm Hani b. Abu Talib reported: I went to the Messenger of Allah (ﷺ) on the day of the conquest (of Mecca) and found him take a bath. while his daughter Fatimah was holding a curtain around him.

### ফুটনোট

\* ইমাম নাবাবী (রহঃ) বলেনঃ প্রয়োজনের সময় গুপ্তাঙ্গ খোলা জায়িয়, যেমন নির্জনে গোসল করার সময়, প্রস্রাব করার সময়, স্ত্রী সহবাসের সময়। কিন্তু লোক সম্মুখে গুপ্তাঙ্গ খোলা কখনও বৈধ নয়। অন্যান্য উলামায়ে কিরাম বলেন, নির্জনে গোসলের সময়ও লুঙ্গী পরে থাকা মুস্তাহাব। তবে প্রয়োজনে উলঙ্গ হয়ে গোসল করাও বৈধ আছে। (নাবাবী)



### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উম্মু হানী বিনতু আবূ তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন